

স্বাক্ষর  
২৫

### বিদেশের কেন্দ্রে পাসের হার ৯০.৮৩ শতাংশ

ইত্তেফাক রিপোর্ট

দেশের বাইরের ৭টি শিক্ষা বোর্ডে ২৪০ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ২১৮ জন পরীক্ষার্থী পাস করে এবং জিপিএ ৫ পেয়েছে ৪৮ জন। মোট পাসের হার ৯০ শতাংশের ৮৩ শতাংশ। কেন্দ্রগুলোর মধ্যে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল জের্সায় (৬৯) জন পরীক্ষার্থীর মধ্যে পাস করে ৬৫ জন, জিপিএ ৫ পেয়েছে ১২ জন, রিয়াদে ৬৪ জন, পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬৩ জন এবং জিপিএ ৫ পেয়েছে ২১ জন, ত্রিপুরীতে ১৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করে ১০ জন, দোহায় ৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩২ জন, জিপিএ ৫ পেয়েছে ৬ জন, আবুধাবিতে ৩৮ জন পরীক্ষার্থীর মধ্যে সবাই পাস করে এবং জিপিএ ৫ পেয়েছে ৯ জন এবং আবুধাবির অন্য কেন্দ্রে ১১ জনের মধ্যে ১ জন পাস করে।